# Times Today BD

মো. কামরুজ্জামান | ক্যাম্পাস | 06 April, 2025

অধিকৃত ফিলিস্তিনি ভূখণ্ড গাজায় ইসরাইলের অব্যাহত বর্বর আগ্রাসন ও হত্যাযজ্ঞের প্রতিবাদ এবং গাজার জনগণের প্রতি সংহতি জানিয়ে সমাবেশের ডাক দিয়েছেন রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাবি) প্রশাসন।রবিবার (৬ এপ্রিল) বিদ্যালয়ের জনসংযোগ দপ্তর থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে একথা জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, "অধিকৃত ফিলিস্তিনি ভূখণ্ড গাজায় ইসরাইলের অব্যাহত বর্বর আগ্রাসন ও হত্যাযজ্ঞের প্রতিবাদ এবং গাজার জনগণের প্রতি সংহতি জানাতে সোমবার রাজশাহী বিশ্ববিদ্যালয়ে এক সমাবেশ অনুষ্ঠিত হবে।সিনেটে ভবনের সামনে বেলা ১১টা থেকে ১২টা পর্যন্ত অনুষ্ঠিতব্য এই সমাবেশে অংশগ্রহণের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ শিক্ষক-শিক্ষার্থী, অফিসার-কর্মচারীসহ সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানাচ্ছে।"

বিষয়টি খুবই ইতিবাচক হিসেবে দেখেছেন শিক্ষার্থীরা।এ বিষয়ে সালাউদ্দিন আম্মার নামে এক শিক্ষার্থী তার ফেইসবুক পোস্টে লিখেন, "আমাদের ভালোবাসার রাজশাহী বিশ্ববিদ্যালয়। বিশ্ববিদ্যালয় প্রশাসনের দেওয়া কর্মসূচিই আমাদের কর্মসূচি।আগামীকাল বেলা ১১টায় চলে আসুন সবাই।"

গাজা ফিলিস্তিন ইসরায়েল হামাস নিউ ইয়র্ক জাতিসংঘ ডোনাল্ড ট্রাম্প বিশ্ব সংবাদ ইসরাইল ফিলিস্তিন যুদ্ধ,ইরান-ইসরায়েল উত্তেজনা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 09:25

URL: https://www.timestodaybd.com/public/campus/588276394